অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বয়োজ্যষ্ঠদের জন্য ওয়েবষ্টার শহরে 21.6 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয়ী আবাসন উন্নয়ন খোলার ঘোষণা করেছেন

CDS হাউজিং আজালিয়া ভিলেজ কমপ্লেক্সের (CDS Housing Azalea Village Complex) দ্বিতীয় ফেজের 96টি অ্যাপার্টমেন্ট ফেজ ওয়ানের সাথে যুক্ত হয়েছে, যা মোট 146টি নতুন বাড়ি প্রদান করেছে এই সমাজকে

সমাজগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থিনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" (Finger Lakes Forward) এর সম্পুরক এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বয়োজ্যষ্ঠদের জন্য ওয়েবষ্টার শহরে 21.6 মিলিয়ন মার্কিন ডলারের এক সাশ্রয়ী আবাসন উন্নয়ন CDS হাউজিং আজালিয়া ভিলেজ কমপ্লেক্সের দ্বিতীয় ফেজের (Azalea Village Phase Two) 96টি নতুন অ্যাপার্টমেন্ট সম্পূর্ণ হবার ঘোষণা করেন| CDS হাউজিং আজালিয়া ভিলেজ উন্নয়নের সমস্ত ভাড়াটে নিকটবর্তী উলফ লাইফ ট্রানজিশনস সেন্টারের (Wolf Life Transitions Center) পরিষেবাগুলির সুবিধা নিতে পারেন, যার মধ্যে আছে বিনোদন, প্রশিক্ষণ, কর্মসংস্থান এবং স্বেচ্ছাসেবী কাজের সুযোগ, এবং একটি অভ্যন্তরীণ থেরাপির পুল|

"প্রতিটি নিউইয়র্কবাসীর স্বাস্থ্য এবং সুস্থতার জন্য মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষ করে আমাদের বয়োজ্যষ্ঠদের জন্য", **গভর্নর কুওমো বলেছেন।** "এই উন্নয়ন শুধু বয়স্ক প্রাপ্তবয়স্কদের এক প্রানবন্ত ও সহায়ক সমাজ প্রদান করবে তাই নয়, এটি এই অঞ্চলের জন্য একটি বুদ্ধিমান বিনিয়োগের কাজও করবে যা স্থানীয় অর্থনীতি এবং ফিঙ্গার লেকসকে এগিয়ে নিয়ে যাবে|"

"সাশ্রয়ী আবাসনে বিনিয়োগ আমাদের পরিকল্পনার অপরিহার্য অঙ্গ নিউ ইয়র্ক জুড়ে সামাজিক নিরাপত্তার জাল শক্তিশালী করার জন্য", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "সংস্থানের প্রতি নজিরহীন অঙ্গীকারবদ্ধতার জন্য ফিঙ্গার লেকস (Finger Lakes forward) অঞ্চলের আরো বয়োজ্যষ্ঠরা উচ্চমানের আবাসনের বিকল্প প্রাপ্ত হবেন|"

96টি অ্যাপার্টমেন্ট দুটি একইরকম দুই তলা এলিভেটর বিল্ডিঙ্গের মধ্যে বিভক্ত| যোগ্য ভাড়াটেরা হলেন যে সব বয়োজ্যষ্ঠরা 55 বছর বা তার বেশি বয়সের, এবং এই অ্যাপার্টমেন্টের মধ্যে 16টি দূর্বল বয়োজ্যষ্ঠদের জন্য রাখা হয়েছে| বহু-ব্যবহারিক উলফ লাইফ ট্রানজিশনস সেন্টারের (Wolf Life Transitions Center) প্রোগ্রামগুলি ছাড়াও, প্রকল্পের সুবিধাগুলির মধ্যে আছে এনার্জি ষ্টার সেন্ট্রাল এয়ার কন্ডিশনার, ডিশওয়াশার, একটি কম্পিউটার ল্যাব, এবং বাহ্যিক বাগানের জায়গা| ভাড়ার ব্যপ্তি 385 থেকে 954 মার্কিন ডলার প্রতি

মাসে এবং তার মধ্যে রয়েছে ইউটিলিটিসমূহ| অ্যাপার্টমেন্টগুলি মিশ্র উপার্জনের স্তরের পরিবারগুলির সাধ্যের মধ্যে, যার ব্যাপ্তি অঞ্চলের মিডিয়ান উপার্জনের 30 থেকে 80 শতাংশ অবধি|

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "আজালিয়া ভিলেজ ফেজ টু উচ্চমানের গৃহ প্রদান করে শহরের কেন্দ্রের কাছে যার সাথে রয়েছে দুর্দান্ত বিনোদনমূলক, স্বেচ্ছাসেবী, এবং কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণের সুযোগ| সম্পূর্ণ আজালিয়া ভিলেজ উন্নয়ন এবং যে মানুষরা সেটিকে তাদের বাড়ি বলে নতুন শক্তির অবদান রাখছেন ওয়েবষ্টার সমাজে এবং ফিঙ্গার লেকস অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করছে|"

নিউ ইয়র্ক স্টেট কম্পট্রোলার টমাস পি. ডিনাপোলি বলেন, "আমরা ওয়েবস্টার শহরে বয়োজ্যেষ্ঠদের জন্য সাশ্রয়ী আবাসনে বিনিয়োগের ক্ষেত্রে কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশনের (Community Preservation Corporation, CPC) সাথে অংশিদারিত্ব করতে পেরে আনন্দিত| পেনসন ফান্ডের ট্রাস্টি হিসেবে, অবসর সিস্টেমের এক মিলিয়নেরও বেশি সদস্যদের জন্য উত্তম মানের বিনিয়োগ প্রাপ্ত হওয়া আমার কাছে খুব গুরুত্বপূর্ণ|"

সিনেটর পামেলা হেলমিং বলেন, "নিরাপদ, সাশ্রয়ী আবাসন এবং অর্থবহুল বিনোদনের সুযোগ আমাদের সমাজ এবং পড়শীদের সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ| আজালিয়া ভিলেজ ফেজ টু (Azalea Village Phase Two) এই প্রয়োজনগুলি পূরণ করে আর একই সাথে আমাদের বয়োজ্যষ্ঠ নাগরিকদের এক উন্নত জীবনযাত্রার মান প্রদান করে আরামপ্রদ এবং নিরাপদ পরিবেশে| যে বয়োজ্যষ্ঠদের বেশি পরিচর্যা এবং মনোযোগ প্রয়োজন হয় তাদের জন্য অতিরিক্ত স্থান দুর্দান্ত সহায়তা প্রদান করবে তাদের যাদের বিশেষ সহায়তার প্রয়োজন| ওয়েবস্টার শহরের জন্য HCR এর এই বিনিয়োগ গুরুত্বপূর্ণ এবং উত্সাহব্যঞ্জক কারণ এটি CDS হাউজিংকে আবাসন এবং বিনোদনের সুযোগগুলি প্রসার করতে সাহায্য করবে স্থানীয় বয়োজ্যষ্ঠ নাগরিকদের জন্য| আমাদের অঞ্চলের তরফে, আমি HCR, ওয়েবস্টার শহর, এবং CDS হাউজিঙ্গের সাথে কাজ করা অবিরত রাখতে আগ্রহী|"

বিধানসভার সদস্য মার্ক সি. জনস বলেন, "কোনো এক স্থানকে বাড়ি বলা যায় এটা নিশ্চিত করতে পারার মত এমন এক উদ্বিগ্নতার বিষয়ের চেয়ে বড় বিষয় আর নেই, এবং আমি আনন্দিত যে ওয়েবস্টারের বয়োজ্যষ্ঠদের কাছে এখন আরেকটি বিকল্প উপলব্ধ হবে হার্ড রোডে আজালিয়া ভিলেজের নতুন অ্যাপার্টমেন্ট উন্নয়নে| আমাদের রাজ্যে যখন জীবনযাত্রার খরচ বেড়ে চলেছে, আমি জানি যে আরো বেশি মানুষ খরচ কমাবার সিদ্ধান্ত নেবেন এবং আমি আনন্দিত যে আমরা সাশ্রয়ী আবাসনের বিকল্প প্রদান করতে পারছি যাতে বয়োজ্যষ্ঠদের তাদের পরিবারের এবং সেই সমাজের কাছে রাখা যায় যাকে তারা বাড়ি বলেন|"

মনরো কাউন্টি এক্সেকিউটিভ শেরিল ডিনল্ফো বলেন, "আজকের ফিতে কাটা উত্সব আজালিয়া ভিলেজ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের সমাপ্তি চিহ্নিত করে এবং সাশ্রয়ী, উচ্চমানের আবাসন প্রদান করে আমাদের স্থানীয় বয়োজ্যষ্ঠদের জন্য| মনরো কাউন্টি এই প্রকল্পের এবং CDS হাউজিঙ্গের একজন গর্বিত সমর্থক কারণ আমরা শক্তিশালী বন্ধনে আবদ্ধ পরিবারের এবং একটি শক্তিশালী বন্ধনে আবদ্ধ সমাজের সমর্থন করি আমাদের স্থানীয় অর্থনীতিতে এবং কর্মিবলে লক্ষ্যভিত্তিক বিনিয়োগের মাধ্যমে|"

ওয়েবস্টার টাউন সুপারভাইজার রন নেসবিট বলেন, "তাদের ক্যাম্পাস প্রসারিত করার জন্য এবং ওয়েবস্টার সমাজে তাদের পরিষেবা প্রদান করা অবিরত রাখার জন্য আমরা CDS কে অভিনন্দন জানাই|"

শঙ্কর শিউনাথ, CDS হাউজিঙ্গের পেরেন্ট সংস্থা CDS লাইফ ট্রানজিশনসের (CDS Life Transitions) প্রেসিডেন্ট এবং চিফ এক্সেকিউটিভ অফিসার বলেন, "আজালিয়া ভিলেজ শুধু একটি আবাসনই নয়, এটি একটি গৃহ এবং এই সমাজের মানুষগুলির জন্য একটি সুযোগ যাদের এটি প্রয়োজন এবং যা পাবার জন্য এরা সব চেয়ে যোগ্য| CDS হাউজিংয়ে আমাদের দর্শন এবং সংহত তত্ত্বাবধান ওয়েবস্টারের সব চেয়ে ঝুঁকিপূর্ণ সম্প্রদায়ের কিছু সদস্যকে জীবনের সুযোগ ও স্ব-ক্ষমতায়নের সাথে আরও পরিপূর্ণ ও স্বাধীন জীবনযাপন করতে সহায়তা করবে। এই নতুন সমাজের বসবাসকারীদের সেই স্বাধীনতা থাকবে যা তারা খোঁজেন, এবং সেই সহায়তা, অভিগম্যতা এবং মানসিক শান্তি যা তারা খোঁজেন|"

CPC মর্টগেজ আধিকারিক মিরিয়াম জিন্টার বলেন, "আমাদের বয়োজ্যষ্ঠ নাগরিকদের জনসংখ্যা সব চেয়ে দ্রুত বেড়ে ওঠার একটি, কিন্তু এটি সব চেয়ে বেশি ঝুঁকিপূর্ণও বটে| নির্দিষ্ট আয়ের উপর জীবন ধারণ করা কম উপার্জনকারী বয়োজ্যষ্ঠদের জন্য, সর্বা বেড়ে চলা ভাড়া এবং অন্যান্য খরচ প্রকৃতই কাঠিন্য সৃষ্টি করতে পারে| আজালিয়া ভিলেজ অ্যাপার্টমেন্ট আমাদের সমাজের বয়োজ্যষ্ঠদের নিরাপদ, সাশ্রয়ী আবাসন প্রদান করবে যেখানে তাদের কাছে সেই সন পরিষেবার নাগাল থাকবে যা তাদের সম্মানের সাথে বাঁচতে সাহায্য করবে| CDS মোনার্ককে (CDS Monarch) তাদের অংশীদারিত্বের এবং ভালো কাজের জন্য, কমিশনার ভিস্নাউস্কাস এবং HCR এ তার দলকে, এবং কম্পট্রোলার ডিনাপোলি ও নিউ ইয়র্ক স্টেট কমন রিটায়ারমেন্ট ফান্ডকে (New York State Common Retirement Fund) আমাদের ধন্যবাদ জানাই|"

অ্যান মারি কুক, প্রেসিডেন্ট/চিফ এক্সেকিউটিভ অফিসার, লাইফস্প্যান, বলেন, "প্রতি দিন লাইফস্প্যান বয়স্ক প্রাপ্তবয়স্কদের থেকে কল পান যারা সাশ্রয়ী আবাসন খুঁজছেন যাতে তারা সমাজে থাকতে পারেন| আসলে, আমাদের ডাকার এটাই এক নম্বর কারণ মানুষের| CDS হাউজিং নিরাপদ, সাশ্রয়ী এবং অন্তর্ভুক্তিকারক হাউজিং হিসেবে নিজেদের শীর্ষ স্থানে রেখে চলেছে যাতে পরিবারগুলি সামাজিক জীবনযাপনের সমস্ত দিকগুলিতে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করে যেতে পারেন| এই একীভূত আবাসন সমাজগুলি অন্তর্ভুক্তির স্থান যেখানে সব রকম ক্ষমতার মানুষ থাকতে পারেন এবং তারা যে জীবনযাত্রার স্বপ্ন দেখেন তা প্রকৃতই অনুসরণ করতে পারেন যার জন্য তারা যোগ্য|"

আজালিয়া ভিলেজে স্টেটের বিনিয়োগ ফিঙ্গার লেকস ফরোয়ার্ড এর সম্পুরকের কাজ করে উচ্চমানের সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস প্রদান করতে যাতে বসবাসকারীদের তাদের সমাজে থাকতে এবং স্বাধীনভাবে জীবনযাপন করতে সহায়তা প্রদান করা যায়| 2011 সাল থেকে, HCR 442 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন ফিঙ্গার লেকস অঞ্চলে যা একটি সাশ্রয়ী আবাসন তৈরি করেছে আনুমানিক 14,650 বসবাসকারীর জন্য|

আজালিয়া ভিলেজ ফেজ টু এর জন্য HCR এর অর্থায়নে ফেডারেল এবং রাষ্ট্রে নিম্ন আয় হাউজিং ট্যাক্স ক্রেডিটগুলি অন্তর্ভুক্ত যা 13.3 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটিতে উত্পাদন করে এবং অতিরিক্ত 3.8 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকিতে উত্পাদন করেছে। কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশন একটি SONYMA -বিমাকৃত 2.9 মিলিয়ন ডলার স্থায়ী ঋণ প্রদান করবেন যার অর্থায়ন করা হবে নিউইয়র্ক স্টেট কমন রিটায়ারমেন্ট ফান্ডের সাথে সংস্থাটির অংশীদারিত্বের মাধ্যমে| ফেডারেল হোম লোন ব্যাঙ্ক (Federal Home Loan Bank) 960,000 মার্কিন ডলার প্রদান করেছে| অতিরিক্ত অর্থায়নের উত্সের মধ্যে আছে মনরো কাউন্টি হোম (Monroe County HOME) ফান্ডস, উলফ ফাউন্ডেশন (Wolf Foundation) এবং NYSERDA|

এছাড়াও, HCR 8.5 মিলিয়ন ডলার আজালিয়া ভিলেজ ফেজ ওয়ানে (Azalea Village Phase One) বিনিয়োগ করেছে, যা সম্পূর্ণ হয়েছে 2015 এ এবং সেখানে মানুষ সম্পূর্ণরূপে বসবাস করছেন|

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক, এই এলাকায় ব্যাপক অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। স্টেট এর মধ্যেই 6.1 বিলিয়নের বেশি বিনিয়োগ করেছে এই অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে - মূল শিল্পগুলিতে বিনিয়োগ করে যার অন্তর্ভুক্ত ফটোনিক্স, কৃষি এবং খাদ্য উত্পাদন, এবং উন্নত নির্মাণ কার্য| বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

অঞ্চলটি এখন ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের সাহায্যে যা প্রদান করা হয়েছে আপস্টেট রিভাইটেলাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) সাহায্যে, যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015 এ ঘোষণা করেছেন| স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং এলাকার জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরো তথ্য এখানে উপলব্ধ|

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন